



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পত্নীতলা, নওগাঁ।

স্মারক নং-০৫.৪৩.৬৪৭৫.০০০.০৬.০১৩.২২-৮৫

তারিখঃ ২২/০২/২০২২ খ্রিঃ

২০.০০ একর পর্যন্ত জলমহালের অনলাইনে ইজারা বিজ্ঞপ্তি

জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিলের বিধান প্রবর্তন করার প্রেক্ষিতে নওগাঁ জেলার পত্নীতলা উপজেলার নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনকে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী ১৪২৯ সনের ১লা বৈশাখ হতে ১৪৩১ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে শর্ত সাপেক্ষে ইজারা প্রদানের নিমিত্ত অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইনে জলমহাল ইজারার আবেদনের জন্য www.jm.lams.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করে নির্ধারিত তথ্যাদি প্রদান পূর্বক আবেদন দাখিল করতে হবে। দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ভূমি মন্ত্রণালয়ের ১০/০২/২০২২ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-২) ৩২ নং স্মারকে প্রকাশিত পরিপত্র অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পত্নীতলা বরাবর দাখিল করতে হবে।

প্রজ্ঞাপন অনুযায়ী অনলাইনে আবেদন দাখিল ও দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি জমাদানের তারিখ

ক্রমিক নং	তারিখ	কার্যক্রম
১	১০ থেকে ১৫ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ	জেলা প্রশাসক, (এস.এ শাখা) মহোদয়ের কার্যালয়, নওগাঁ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ও সহকারী কমিশনার (ভূমি), পত্নীতলা, নওগাঁ এর কার্যালয় হতে ৫০০/- টাকার (অফেরতযোগ্য) দরপত্র/আবেদনপত্র অফিস চলাকালীন সময়ে ক্রয় সাপেক্ষে অনলাইনে আবেদন দাখিল। দরপত্র বা আবেদন ফরমে বর্ণিত শর্তাবলীসহ সর্বশেষ সরকারি পরিপত্র/নীতিমালা অনুসরণ প্রযোজ্য হবে।
২	১৬ ফাল্গুন থেকে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ১৪২৮ বঙ্গাব্দ	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সিলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পত্নীতলা, নওগাঁ বরাবর দাখিল

এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি ও জলমহালের তালিকা ১) জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ, ২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পত্নীতলা, নওগাঁ, ৩) উপজেলা ভূমি অফিস, পত্নীতলা, নওগাঁ ও www.jm.lams.gov.bd হতে জানা যাবে। বিজ্ঞপ্তির যেকোন শর্তাবলী সংযোজন/ বিয়োজন/ বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(মোঃ লিটন সরকার)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

পত্নীতলা, নওগাঁ।